গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বিদ্যুৎ, জ্বালানী ও খনিজ সম্পদ মন্ত্রণালয়
বিদ্যুৎ বিভাগ।

নথি নং -২৭.০৮৩.০১২.০৯.০০.১১.২০১৪ তারিখঃ ২৬-০৫-২০১৫

বিষয়ঃ **২০১৪-১৫ অর্থ বছরের বার্ষিক উন্নয়ন কর্মসূচি (এডিপি)-তে অন্তর্ভুক্ত বিদ্যুৎ বিভাগের উন্নয়ন প্রকল্পসমূহের এপ্রিল, ২০১৫ পর্যন্ত বাস্তবায়ন অগ্রগতি পর্যালোচনা সভার কার্যবিবরণী।**

গত ২০-০৫-২০১৫ তারিখে বিদ্যুৎ বিভাগের সচিব মহোদয়ের সভাপতিত্বে অনুষ্ঠিত ২০১৪-১৫ অর্থ বছরের বার্ষিক উন্নয়ন কর্মসূচি (আরএডিপি)-তে অন্তর্ভুক্ত বিদ্যুৎ বিভাগের উন্নয়ন প্রকল্পসমূহের এপ্রিল, ২০১৫ পর্যন্ত বাস্তবায়ন অগ্রগতি পর্যালোচনা সভার কার্যবিবরণী সদয় অবগতি ও পরবর্তী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য এতদসংগে প্রেরণ করা হলো।

০২। উক্ত সভায় গৃহীত সিদ্ধান্তসমূহের বাস্তবায়ন অগ্রগতির পূর্নাঙ্গ প্রতিবেদন আগামী ০৮-০৬-২০১৫ তারিখের মধ্যে এ বিভাগে আবশ্যিকভাবে প্রেরণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

সংযোজনীঃ বর্ণনামতে।

২৭/৫/২০১৫
(মোহাম্মদ আসাদুজ্জামান সরকার)
সিনিয়র সহকারী প্রধান
ফোন- ৯৫৫৮৮৬৭

বিতরণঃ (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়)

০১। সিনিয়র সচিব, অর্থ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
০২। সিনিয়র সচিব, অর্থনৈতিক সম্পর্ক বিভাগ, শেরে বাংলা নগর, ঢাকা।
০৩। সচিব, মাননীয় প্রধানমন্ত্রীর কার্যালয়, পুরাতন সংসদ ভবন, তেজগাঁও, ঢাকা (দৃঃ আঃ পরিচালক-৫)।
০৪। বিভাগ প্রধান (কার্যক্রম) পরিকল্পনা কমিশন, শেরে বাংলা নগর, ঢাকা।
০৫। বিভাগ প্রধান (শক্তি) পরিকল্পনা কমিশন, শেরে বাংলা নগর, ঢাকা।
০৬। প্রধান, আইএমইডি (শিল্প ও শক্তি) শেরে বাংলা নগর, ঢাকা।
০৭। চেয়ারম্যান, বিউবো, ওয়াপদা ভবন, মতিঝিল বা/এ, ঢাকা।
০৮। চেয়ারম্যান, আরইবি, জোয়ার সাহারা, খিলক্ষেত, ঢাকা।
০৯। মহাপরিচালক, পাওয়ার সেল, বিদ্যুৎ ভবন, রমনা ঢাকা।
১০। ব্যবস্থাপনা পরিচালক, পিজিসিবি, ৫ম তলা, আইইবি ভবন (নিউ বিল্ডিং), রমনা, ঢাকা
১১। ব্যবস্থাপনা পরিচালক, ডেসকো, বনানী, ঢাকা।
১২। ব্যবস্থাপনা পরিচালক, ওজোপাডিকো, বিদ্যুৎ ভবন, বয়রা, খুলনা।
১৩। ব্যবস্থাপনা পরিচালক, আশুগঞ্জ পাওয়ার স্টেশন কোং লিঃ, আশুগঞ্জ, বি-বাড়ীয়া।
১৪। ব্যবস্থাপনা পরিচালক, ডিপিডিসি, বিদ্যুৎ ভবন, রমনা, ঢাকা।
১৫। ব্যবস্থাপনা পরিচালক, ইজিসিবি, কাওরান বাজার, ঢাকা।
১৬। ব্যবস্থাপনা পরিচালক, NWPGCL, বিদ্যুৎ ভবন, রমনা, ঢাকা।
১৭। ব্যবস্থাপনা পরিচালক, কোল পাওয়ার জেনারেশন কোং, ইউনিক হাইটস (লেভেল-১৭), রমনা, ঢাকা।
১৮। প্রকল্প পরিচালক, উইন্ড ম্যাপিং রিসোর্স প্রকল্প, বিদ্যুৎ বিভাগ।
১৯। প্রোগ্রামার/সহকারী প্রোগ্রামর, বিদ্যুৎ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা [কার্যবিবরণীটি এ বিভাগের Website এ সন্নিবেশ করার অনুরোধসহ]।
২০। প্রধান হিসাব রক্ষণ কর্মকর্তা, বিদ্যুৎ বিভাগ, সিজিএ ভবন, সেগুনবাগিচা, ঢাকা।

অনুলিপিঃ

১। মাননীয় প্রতিমন্ত্রীর একান্ত সচিব, বিদ্যুৎ, জ্বালানী ও খনিজ সম্পদ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২। সচিব মহোদয়ের একান্ত সচিব, বিদ্যুৎ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৩। অতিরিক্ত সচিব মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, বিদ্যুৎ বিভাগ।
৪। অতিরিক্ত সচিব (উন্নয়ন) মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, বিদ্যুৎ বিভাগ।
৫। যুগ্ম-প্রধান মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, বিদ্যুৎ বিভাগ।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বিদ্যুৎ, জ্বালানী ও খনিজ সম্পদ মন্ত্রণালয়
বিদ্যুৎ বিভাগ।

বিষয়ঃ ২০১৪-১৫ অর্থ বছরের সংশোধিত বার্ষিক উন্নয়ন কর্মসূচি (আরএডিপি)-তে অন্তর্ভুক্ত বিদ্যুৎ বিভাগের উন্নয়ন প্রকল্পসমূহের এপ্রিল ২০১৫ পর্যন্ত বাস্তবায়ন অগ্রগতি পর্যালোচনা সভার কার্যবিবরণী।

গত ২০-০৫-২০১৫ তারিখে বিদ্যুৎ বিভাগের সচিবের সভাপতিত্বে ২০১৪-১৫ অর্থ বছরের সংশোধিত বার্ষিক উন্নয়ন কর্মসূচি (আরএডিপি)-তে অন্তর্ভুক্ত বিদ্যুৎ বিভাগের উন্নয়ন প্রকল্পসমূহের এপ্রিল, ২০১৫ পর্যন্ত বাস্তবায়ন অগ্রগতি পর্যালোচনা সভা অনুষ্ঠিত হয়। সভায় উপস্থিত কর্মকর্তাদের তালিকা পরিশিষ্ট -'ক'তে দেয়া হলো।

২.০। আলোচনা

২.১ সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। সভাপতি বলেন যে, বিদ্যুৎ বিভাগের এডিপি বাস্তবায়নের হার প্রায় ৬৫%, যা এডিপি বাস্তবায়নের জাতীয় গড় হার ৫৪% এর চেয়ে বেশী। তিনি এডিপি বাস্তবায়নের অগ্রগতিতে সন্তোষ প্রকাশ করেন এবং প্রকল্প সংশ্লিষ্ট সকলকে ধন্যবাদ জানান। সভাপতি জানান যে, গত ১৪-০৫-২০১৫ তারিখে অনুষ্ঠিত এনইসি সভায় বিদ্যুৎ বিভাগের অনুকূলে ২০১৫-১৬ অর্থবছরের এডিপি-তে আরো ১০০০ কোটি টাকা অতিরিক্ত বরাদ্দ পাওয়া গেছে। এ নিয়ে ২০১৫-১৬ অর্থ বছরের বিদ্যুৎ বিভাগের এডিপি-তে বরাদ্দ দাঁড়িয়েছে মোট ১৬৪৮৫ কোটি ১৭ লক্ষ টাকা। অতঃপর সভাপতির অনুমতিক্রমে বিদ্যুৎ বিভাগের যুগ্ম-প্রধান সভার কার্যপত্র উপস্থাপন করেন। সভায় জানানো হয় যে, ২০১৪-১৫ অর্থ বছরের আরএডিপি-তে বিদ্যুৎ বিভাগের বিভিন্ন সংস্থার আওতাভুক্ত মোট ৭১টি প্রকল্পের অনুকূলে মোট ৮২৮৩.৭১ কোটি টাকা বরাদ্দ আছে। তন্মধ্যে জিওবি ৪৬০৯.৭০ কোটি ও প্রকল্প-সাহায্য ৩৫৯৩.০১ কোটি টাকা। প্রকল্পসমূহের বিপরীতে এপ্রিল ২০১৫ পর্যন্ত মোট ব্যয় হয়েছে ৫২৭৮.৭৫ কোটি টাকা যা মোট বরাদ্দের প্রায় ৬৫%। প্রকল্প সাহায্য ব্যয় হয়েছে ৬৯.২৪% এবং জিওবি অর্থ ব্যয় হয়েছে ৫৯.৬৮%। ভৌত অগ্রগতি হয়েছে ৬৮.৮৫%। গত বছরের একই সময়ে এডিপি বাস্তবায়নের আর্থিক ও ভৌত অগ্রগতি ছিল যথাক্রমে ৫৬% ও ৭৭.২০%।

২.২। সভাপতি প্রকল্প বাস্তবায়নের গতি তরান্বিত করার লক্ষ্যে আন্তরিক প্রচেষ্টা চালানোর জন্য সংশ্লিষ্ট সকলকে নির্দেশনা প্রদান করেন। প্রকল্প বাস্তবায়নে কোন প্রতিবন্ধকতা থাকলে তা নিরসনের জন্য প্রয়োজনে বিদ্যুৎ বিভাগের সহায়তা নেয়ার জন্য তিনি পরামর্শ প্রদান করেন। তিনি আগামী ২০১৫-১৬ অর্থ বছরের এডিপিভুক্ত প্রকল্পসমূহের বাস্তবায়নের জন্য এখন থেকেই কর্মপরিকল্পনা প্রস্তুত করে সে অনুযায়ী কাজ শুরু করার জন্য নির্দেশনা প্রদান করেন। অতঃপর সভায় প্রকল্প ভিত্তিক বিস্তারিত আলোচনা অনুষ্ঠিত হয়।

৩.০। সিদ্ধান্তঃ বিস্তারিত আলোচনান্তে সভায় নিম্নবর্ণিত সিদ্ধান্ত গৃহীত হয়ঃ

৩.১। আগামী ২০১৫-১৬ অর্থবছরের বার্ষিক ক্রয় পরিকল্পনা প্রস্তুতপূর্বক আগামী ৩০ মে ২০১৫ তারিখের মধ্যে বিদ্যুৎ বিভাগে আবশ্যিকভাবে প্রেরণ করতে হবে। আগামী এডিপি পর্যালোচনা সভায় সংস্থাসমূহের সমন্বিত কর্মপরিকল্পনা উপস্থাপন করতে হবে।
বাস্তবায়নেঃ সকল বাস্তবায়নকারী সংস্থা ও প্রকল্প পরিচালক ।

৩.২। সকল সংস্থাকে ডিএসএল এর অর্থ যথাসময়ে পরিশোধের ব্যবস্থা নিতে হবে এবং ডিএসএল পরিশোধের বিবরণ নিয়মিতভাবে বিদ্যুৎ বিভাগে প্রেরণ করতে হবে।
বাস্তবায়নেঃ সকল বাস্তবায়নকারী সংস্থা।

৩.৩। কোন কর্মকর্তাকে একাধিক প্রকল্পের প্রকল্প পরিচালকের দায়িত্ব প্রদান করা যাবে না।
বাস্তবায়নেঃ সকল বাস্তবায়নকারী সংস্থা।

চলমান পাতা-২

৩.৪। সকল সংস্থা/কোম্পানিকে ই-টেন্ডারিং কার্যক্রম অবিলম্বে শুরু করতে হবে এবং ই-টেন্ডারিং কার্যক্রমের অগ্রগতি মন্ত্রিপরিষদ বিভাগকে অবহিতকরণের উদ্দেশ্য প্রতিমাসের ২৫ তারিখের মধ্যে বিদ্যুৎ বিভাগে প্রেরণ করতে হবে।
বাস্তবায়নেঃ সকল বাস্তবায়নকারী সংস্থা।

৩.৫। সভায় উপস্থাপিত ২০১৫-১৬ অর্থ বছরের প্রকল্প বাস্তবায়নের মাসভিত্তিক প্রোগ্রেসিভ লক্ষ্যমাত্রা (পরিশিষ্ট-'খ') অনুমোদিত হলো এবং উক্ত লক্ষমাত্রা অনুসারে সকল সংস্থা ও প্রকল্প পরিচালকগণ কার্যক্রম গ্রহণ করবে।
বাস্তবায়নেঃ সকল সংস্থা ও প্রকল্প পরিচালক।

৩.৬। প্রকল্পের মেয়াদ সাধারণভাবে সর্বোচ্চ এক বারের বেশি বৃদ্ধি করা হবে না। শুধুমাত্র Technical ও Complicated প্রকল্পের ক্ষেত্রে ২য় বার মেয়াদ বৃদ্ধির বিষয় বিবেচনা করা যাবে।
বাস্তবায়নেঃ সকল সংস্থা।

৩.৭। "কনভারশন অব শাহাজীবাজার ৩৩০ মেঃওঃ কম্বাইন্ড সাইকেল পাওয়ার প্ল্যান্ট" প্রকল্পের EPC কন্ট্রাক্টের আওতায় Variation Order এর মাধ্যমে বিদ্যুৎ কেন্দ্রসংলগ্ন স্যুইচইয়ার্ডে ২টি অতিরিক্ত Line Bay নির্মাণের কার্য সম্পাদনের বিষয়ে PDB ও PGCB যৌথভাবে কার্যবিবরণী প্রণয়ন করে বিদ্যুৎ বিভাগকে অবহিত করবে।

বাস্তবায়নেঃ বাবিউবো ও পিজিসিবি।

৩.৮। অন্য কোন আলোচ্য বিষয় না থাকায় সকলকে ধন্যবাদ জানিয়ে সভা সমাপ্ত ঘোষণা করা হয়।

২৫.৫.১৫

(মনোয়ার ইসলাম ~~এনডিসি~~)
সচিব